

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫৮৫
আগরতলা, ৩০ জানুয়ারি, ২০২৫

শহীদ দিবসে মূর্তি প্রাঙ্গণ ও গান্ধীবেদিতে রাজ্যপালের পুষ্পার্ঘ্য অর্পণ
মহাত্মা গান্ধীর অহিংস আন্দোলন স্বাধীনতা
সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল : রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ শহীদ দিবসে সার্কিট হাউজ সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মূর্তিতে ও গান্ধীঘাটস্থিত গান্ধীবেদিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। মূর্তি প্রাঙ্গণ ও গান্ধীবেদিতে রাজ্যপালের পর পুষ্পার্ঘ্য অর্পণ করে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে রাজ্যপাল বলেন, মহাত্মা গান্ধীর দেখানো পথ অহিংস আন্দোলন স্বাধীনতা সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল। সারা বিশ্বে তিনি দেখিয়েছিলেন অহিংস আন্দোলনের মাধ্যমেও অধিকার আদায় করা সম্ভব। মহাত্মা গান্ধীর দেখানো পথ অনুসরণ করতে রাজ্যপাল সবার প্রতি আহ্বান জানান। মূর্তি প্রাঙ্গণ এবং গান্ধীঘাটে আয়োজিত শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, সদর মহকুমার মহকুমা শাসক মানিকলাল দাস এবং পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
